তারিখ 6/7/79
পৃষ্ঠা ৩ কলাম 5

The Bangladesh Times

043

# প্রাথমিক শিক্ষকদের প্রতি সরকারী প্রতিশ্রুতি বাস্তবায়নের আহ্বান

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আব্দুল কালাম আজাদ ও সাধারণ সম্পাদক কাজী এ,কে, ফজলুল হক এক যুক্ত বিবৃতিতে প্রাথমিক শিক্ষকদের চাকুরীবিধি ও অগ্রিম ইনক্রিমেণ্টসহ বিভিন্ন সমস্যা সমাধানের এবং সরকারী প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য সরকারের প্রতি আহ্বান জানাইয়াছেন। সরকারী আশ্বাস অনুযায়ী অবিলম্বে বয়োবৃদ্ধ প্রাথমিক শিক্ষকগণের অবসর সুবিধাদানেরও দাবী জানান হয়।